Bangladesh Securities and Exchange Commission
Enforcement Division
Enforcement Department
Issuer Companies Affairs Section
www.sec.gov.bd

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৪০৮২/২০২৫/৩৫৪
তারিখ: ১২ মে ২০২৬

**Island Securities Limited**
(DSE TREC # 106 and CSE TREC #005)
Faruk Chamber (4th Floor, West Side & 6th Floor) 1403
Sk. Mujib Road, Agrabad, Chattogram

**বিষয়: আদেশ।**

কমিশনের আদেশ নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৪০৮২/২০২৫/৩৫৩ তারিখ: ১২ মে ২০২৬ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

১২/০৫/২০২৬

রবিউল ইসলাম
সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট)
টেলিফোন নাম্বার:+৮৮ ০২-৫৫০০৭১৩১-২
ই-মেইল: rabiul@sec.gov.bd

**অবগতির জন্য অনুলিপি:**

১। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।
২। পিও টু কমিশনার (এনফোর্সমেন্ট), বিএসইসি।
৩। পিও টু নির্বাহী পরিচালক (এনফোর্সমেন্ট), বিএসইসি।
৪। পিও টু নির্বাহী পরিচালক (আইসিটিডি), বিএসইসি।
৫। পিও টু নির্বাহী পরিচালক (এমআইএডি), বিএসইসি। (with reference to DSE letter no. DSE/RAD/ICALD/T-106/2025/4874, dated: August 24, 2025)
৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি।
৭। **Island Securities Ltd. (DSE TREC # 106 and CSE TREC #005) is requested to send a copy of the Penalty Order to Mr. Md. Golam Rahaman (BOID: 1201960016016679; Client Code: 26003)**

Bangladesh Securities and Exchange Commission
Enforcement Division
Enforcement Department
Issuer Companies Affairs Section
www.sec.gov.bd

নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৪০৮২/২০২৫/৩৫৩

তারিখঃ ১২ মে ২০২৬

# আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2 (cc) মোতাবেক কমিশন অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যা বাংলাদেশ সিকিউরিজি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর অধীনে গঠিত;

যেহেতু, আইল্যান্ড সিকিউরিটিজ লিমিটেড-এর ক্লায়েন্ট জনাব মো: গোলাম রহমান কর্তৃক দাখিলকৃত ২৯ জুলাই ২০২৫ তারিখের অভিযোগের ভিত্তিতে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি একটি তদন্ত কমিটি গঠন করে। উক্ত কমিটি এ বিষয়ে তদন্ত (Enquiry) কার্যক্রম পরিচালনা করেছে এবং কমিশনে এ সংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল করেছে। তদন্ত প্রতিবেদন থেকে অন্যান্যের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপিত হয়:

Dhaka Stock Exchange PLC received a complaint lodged by a client named Mr. Md. Golam Rahaman (BOID: 1201960016016679; Client Code: 26003) against Island Securities Limited (DSE TREC No. 106) on 29 July 2025, regarding unauthorized withdrawal and misappropriation of his funds. The complainant alleged that Tk. 12,20,000 was withdrawn from his BO account on 15 April 2010 without his consent, amounting to misappropriation of client funds. Despite repeated oral approaches and subsequent written complaints dated 17 January 2016, 29 February 2016, and 10 April 2016, the matter remained unresolved. In its written reply dated 10 July 2025, Island Securities Limited denied the allegation, contending that the amount was voluntarily provided by the client for subscription to GMG Airlines Limited's placement shares. The enquiry, however, identified gaps in transaction authorization, absence of any written consent, and indications of possible regulatory non-compliance. The dispute was further examined in a meeting held on 17 August 2025 at the Dhaka Stock Exchange (DSE) with participation of DSE officials, company representatives, and the complainant. Based on the materials collected, the present report has been prepared and analyzed in light of the relevant securities laws, rules, and regulations of Bangladesh. From the complaint report it appears, among others, are as follows:

**Summary of the Complaint**

On July 29, 2025, Mr. Md Golam Rahaman (BOID: 1201960016016679, Client Code: 26003) filed a complaint against Island Securities Limited (DSE TREC No. 106). He alleged that on April 15, 2010, Tk. 12,20,000/- was withdrawn from his BO account without his permission, which he considers misappropriation of funds.

Mr. Rahaman stated that he deposited the money through two cheques to buy shares from the secondary market, and he attached deposit receipts and cheque copies as proof. He also mentioned that he made several verbal and written complaints over the years, including letters on January 17, 2016; February 29, 2016; and April 10, 2016, but the issue remained unresolved up to 2024.

In their reply on July 10, 2025, Island Securities Limited denied the claim. They said the money was used to buy GMG Airlines Ltd. placement shares based on Mr. Rahaman's verbal instructions. However, Mr. Rahaman rejected this explanation, calling it false, and has now asked for a regulatory investigation.

**Observations and Findings:**

1. **Facts of the Case**

After thorough examination of all relevant documents, correspondence, and statements from the involved parties, the enquiry team identified the following facts at the time of the investigation into the complaint lodged by Mr. Md Golam Rahaman against Island Securities Limited:

On April 15, 2010, a withdrawal of Tk 12,20,000/- was recorded from Mr. Md Golam Rahaman's Beneficiary Owner (BO) account, as evidenced by the account ledger provided by the complainant. Mr. Rahaman alleges this transaction was executed without his consent, supported by photocopies of two cheques and deposit receipts indicating funds were deposited for secondary market share purchases, not for the purpose claimed by the company. Following the transaction, Mr. Rahaman verbally raised concerns with Island Securities Limited representatives in 2010, seeking resolution, but reported no satisfactory response. He continued these efforts periodically, visiting the company's office until 2024. Formal written complaints were submitted to the company on January 17, 2016, February 29, 2016, and April 10, 2016, all of which were acknowledged by company representatives but remained unresolved, as confirmed by copies of the letters and company acknowledgments.

On July 29, 2025, Mr. Rahaman escalated the matter by lodging a formal complaint through CCAM, reiterating the unauthorized withdrawal and requesting reimbursement with compensation. Island Securities Limited responded on August 07, 2025, denying the allegations and stating that the funds were used to purchase placement shares in GMG Airlines Limited, based on the client's verbal instructions. The company provided share allotment letters indicating 10,00,000 shares were allotted to the client, with an additional 1,00,000 bonus shares issued later, and ledger records showing Mr. Rahaman's trading activity until September 12, 2019. However, they offered paper shares of GMG Airlines, which are unlisted, as a resolution, which the client declined.

On August 11, 2025, the complainant submitted an additional explanation in response to the company's statement. and asserting that the cheques were for secondary market transactions, not GMG shares. He provided additional evidence, including cheque images and deposit receipts, to support his position. A tripartite meeting convened by the Dhaka Stock Exchange PLC (DSE) on August 17, 2025, included representatives from DSE, Island Securities Limited, and Mr. Rahaman. During this meeting, company officials acknowledged the absence of a requisition slip for the withdrawal, stating they acted on verbal instructions from the client. Mr. Rahaman denied providing any such instructions, labeling the claim as false.

Bangladesh Securities and Exchange Commission
Enforcement Division
Enforcement Department
Issuer Companies Affairs Section
www.sec.gov.bd

**2.** Non-Compliance by Island Securities Limited

The enquiry into the complaint lodged by Mr. Md Golam Rahaman (BOID: 1201960016016679, Client Code: 26003) against Island Securities Limited (DSE TREC No. 106) revealed several instances of non-compliance with regulatory standards and professional obligations. The following specific failures and breaches were observed during the investigation:

- **Unauthorized Withdrawal of Funds**: Island Securities Limited executed a withdrawal of Tk 12,20,000/- from the complainant's BO account on April 15, 2010, without documented client consent.
- **Failure to Resolve Complaints**: Despite repeated oral complaints from 2010 to 2024 and written complaints dated January 17, 2016, February 29, 2016, and April 10, 2016, the company failed to address or resolve the client's concerns within a reasonable timeframe, indicating a lack of accountability and client service.
- **Misleading and Unsupported Statements**: In their response dated July 10, 2025, Island Securities Limited claimed the withdrawal was based on verbal instructions for purchasing GMG Airlines Ltd. placement shares, but provided no verifiable evidence.
- **Absence of Proper Documentation**: In the meeting held on August 17, 2025, the company admitted that no requisition slip or written authorization existed for the disputed transaction.
- **Lack of Transparency in Client Dealings**: Island Securities Limited failed to maintain transparency by not providing clear records of the transaction and offering unlisted paper shares to the client as a resolution.

**Whereas as per section 18 of Securities and Exchange Ordinance, 1969: Prohibition of false statements etc.** – *No person shall, in any document, paper, accounts, information or explanation which he is, by or under this Ordinance, required to furnish, or in any application made under this Ordinance, make any statement or give any information which he knows or has reasobable cause to believe to be false or incorrect in any material particular.*

**As per the সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১,** *“প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার এবং অনুমোদিত প্রতিনিধি সর্বোচ্চ সততা ও বিশ্বস্থতার সহিত তাহার কাজকর্ম পরিচালনা করিবেন এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালা এবং দ্বিতীয় তফসিলে বিধৃত আচরণ বিধিসহ নিবন্ধন সনদের সকল শর্তাবলী যাথাযথভাবে পালন করিবেন।*

as per the সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১ *“প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধিকে তাহার ব্যবসা ও এতদসংক্রান্ত কার্যাদি পরিচালনার ক্ষেত্রে সুনাম, দক্ষতা, বিশ্বস্থতা ও সততা বজায় রাখিতে হইবে।*

as per the সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ৬ *“নিজ স্বার্থসিদ্বির অপকৌশল প্রয়োগ নিষিদ্ধ।- কোন স্টক ডিলার,, স্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি নিজ স্বার্থ সিদ্ধির জন্য অপকৌশলের আশ্রয় লইতে পারিবেন না, কাহাকেও ঠকানো বা প্রবঞ্চনার উদ্দেশ্যে কোন লেনদেন করিতে পারিবেন না বা নিজ স্বার্থ সিদ্ধিও উদ্দেশ্যে অথবা বাজারের ভারসাম্য বিনষ্ট করার উদ্দেশ্যে কোন গুজব ছড়াইতে বা কার্যক্রম পরিচালনা করিতে পানিবেন না।*

as per the সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সনদের শর্তাবলী ৫, *"সনদ প্রাপকের নিকট তাহার কোন মক্কেল কোন অভিযোগ উত্থাপন করিলে উক্ত অভিযোগ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রয়োজনীয় প্রতিকার গ্রহণের জন্য যুক্তিসংগত এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং তৎসম্পর্কে মক্কেলকে অবহিত করিবেন।"*

Based on the above findings, it appears to the Dhaka Stock Exchange (DSE) ICALD Team that Island Securities Limited and its responsible officials have committed the following violations, which contravene applicable securities laws, rules, and regulatory standards:

- Section 18 of Securities and Exchange Ordinance, 1969
- ***সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০;***
- *সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১ ও ৬*
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সনদের শর্তাবলীর শর্ত ৫

  - *By doing unauthorized withdrawal of money from the complainant's BO account without obtaining prior consent;*
  - *By misleading the DSE ICALD Team by providing false and unsupported information;*
  - *Being failure to take timely and effective action to settle the complaint;*
  - *Being failure to maintain proper documentation as required under the rules;*
  - *Lack of transparency in dealing with client transactions and funds.*

যেহেতু, উর্পযুক্ত আলোচ্য বিষয়ে আইন ভঙ্গের কারণে কমিশনের এনর্ফোসমন্টে বিভাগ কর্তৃক ১৬ নভেম্বর ২০২৫ তারিখ নং-বিএসইসি/এনফোর্সমেন্ট/৪০৮২/২০২৫/১৩০৯ স্মারকমূলে Island Securities Limited কে ০১ ডিসেম্বর ২০২৫ তারিখে কারণ প্রর্দশনসহ শুনানীতে উপস্থতি হতে বলা হয়। ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখে শুনানীতে উপস্থিত হয়ে Island Securities Limited নিম্নলিখিত বক্তব্য দাখিল করেন;

**Explanation of Island Securities Limited submitted on December 28, 2025:**

"পত্র স্মারক নং: BSEC/Enforcement/4082/2025/1309 Dated: 16th November, 2025 on the above subject bring violated securities rules;

- Section 18 of Securities and Exchange Ordinance,1969
- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ (দ্বিতীয় তফসিল) এর আচরণ বিধি ১ ও ৬
- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সনদের শর্তাবলীর শর্ত ৫
- By doing unauthorized withdrawal o money from the complaint's BO account without obtaining prior consent:
- By misleading the DSE ICALD Team by providing false and unsupported information
- Being failure to take timely and effective to settle the complaint

- Being failure to maintain proper documentation as required under the rules
- Lack of transparency in dealing with client transaction and funds

অভিযোগে বলা হয়েছে যে, অভিযোগকারীর BO অ্যাকাউন্ট থেকে পূর্বানুমতি ছাড়া অর্থ উত্তোলন করে আত্মসাৎ করা হয়েছে। এই অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন, বানোয়াট, অসত্য ও উদ্দেশ্যপ্রনোদিত। অভিযোগের উত্তর দেওয়ার আগে ২০১০ সালে জিএমজি'র নতুন মালিকানা, মূলধন বৃদ্ধি, বুক বিল্ডিং এর মাধ্যমে আইপিও'র অনুমোদন, তখনকার সময়ে পুজিবাজারের চরম চাঙ্গা ভাব সম্বন্ধে দুই একটি কথা বলতে হয়।

GMG Airlines ১৯৯৭ সালে GMG Group দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল। প্রতিষ্ঠানটি মূলত দুই ভাই- নিনি সত্তার এবং শাহাব সত্তার কর্তৃক গঠিত GMG Industrial Corporation-এর মালিকানাধীন ছিল। এটি বাংলাদেশে প্রথম বেসরকারি এয়ারলাইনস।

এয়ারলাইনসটি দ্বায় দেনায় জর্জরিত হয়ে পড়ে। এভিয়েশন কর্তৃপক্ষ ১২৭ মিলিয়ন টাকা ট্রাভেল ট্যাক্স বকেয়া আদায়ের জন্য মামলা করে রায় পান। কিন্তু তাদের দেওয়ার সামর্থ ছিল না। এমতাবস্থায় ২০০৯ সালে বেক্সিমকো গ্রুপের ভাইস চেয়ারম্যান সালমান এফ রহমান জিএমজি এয়ারলাইনস এর কিছু শেয়ার বেক্সিমকো লিমিটেডের নামে কিনে ব্যবস্থাপনার দ্বায়িত্বে আসেন। এসইসি থেকে মূলধন বৃদ্ধির অনুমতি নেন এবং বেক্সিমকোর ধানমন্ডি কর্পোরেট অফিস থেকে প্লেসমেন্ট বিক্রয় শুরু করেন। ১০ টাকার শেয়ার ৪০ টাকা প্রিমিয়াম সহ ৫০ টাকা + (সেলস কমিশন) ধরে বিক্রয় করে বাজার থেকে প্রায় ৩০০ কোটি টাকা সংগ্রহ করেন বলে জানা যায়। তখনকার সময়ে প্লেসমেন্ট শেয়ার ক্রয়ের জন্য বিনিয়োগকারিগন হন্যে হয়ে ছুটাছুটি করতো। ঐ সময় সালমান এফ রহমান সাহেবের পুজিবাজারে সুনাম ছিল, রাজনৈতিক ক্ষমতা ছিল, উনার উপর বিনিয়োগকারিদের বিশ্বাস ও আস্থা ছিল, তাই তার পক্ষে কম সময়ে প্লেসমেন্ট বিক্রয় করা সম্ভব হয়েছিল। পরবর্তিতে তিনি বুক বিল্ডিং পদ্ধতিতে ৫০ টাকার শেয়ার ১৫০ টাকা বিক্রয়ের অনুমতির ব্যবস্থা করেন। তৎকালিন কমিশন উনার অনুগত ছিলেন।

আমাদের বিনিয়োগকারিদের অনুরোধে আমরা ১০৭ জন বিনিয়োগকারির জন্য ১০ লাখ শেয়ার ৫ কোটি ৩০ লাখ টাকা দিয়ে ক্রয় করি। আইল্যান্ডের নামে ইস্যুকৃত শেয়ার সার্টিফিকেট নাম্বার-১২১, তারিখঃ ২০/০৫/২০১০। সার্টিফিকেট হাতে পাওয়ার পর স্প্লিট করার জন্য ০৭/০৪/২০১৫ তারিখে আবেদন করি। গোলাম রহমান সাহেবের জন্য ১১ হাজার করে দুটি শেয়ার সার্টিফিকেট ২৩১৭ ও ২৩১৮ স্প্লিট করে আনা হয়।

২০১০ সালের দিকে বাজারে GMG Airlines-এর প্লেসমেন্ট শেয়ারের তীব্র চাহিদা ছিল। একই শেয়ার মুখে মুখে হাত বদল হতে থাকে। এই সময়ে কার্ব মার্কেটে এই শেয়ারের অঘোষিত কেনাবেচা হতো। আমরা পূর্বেই KPCL-এর শেয়ার Book Building এর মাধ্যমে সরাসরি ক্রয় করে ক্লায়েন্টদেরকে প্রদান করেছিলাম। এই পূর্ব অভিজ্ঞতার কারণে অনেক বিনিয়োগকারী, যার মধ্যে জনাব গোলাম রহমানও ছিলেন, মৌখিকভাবে GMG Airlines-এর Placement Share কিনে দেওয়ার জন্য বারংবার অনুরোধ করতে থাকায় আমরা **সালমান এফ রহমান সাহেবের সঙ্গে যোগাযোগ করে ১০ লাখ শেয়ারের ব্যবস্থা করি।**

- জনাব গোলাম রহমানও আইল্যান্ড এর বহদ্দারহাট শাখার ট্রেডার Rezaul Abedin Remon এর মাধ্যমে ক্রয় বিক্রয় করতেন। তাই তারা একে অপরের সাথে ঘনিষ্ট সম্পর্ক ছিল। রিমনের মাধ্যমে মৌখিকভাবে ২০,০০০ GMG Airlines Placement Share ক্রয়ের অনুরোধ করেন।
- তিনি ১২ April 2010 তারিখে ১২,২০,০০০.০০ টাকার চেক প্রদান করেন। তিনি আরও বেশি শেয়ার চেয়েছিলেন। গোলাম রহমান সাহেব ছিলেন ছোট বিনিয়োগকারী। তাই ঝুঁকি বিবেচনা করে অধিক শেয়ার ক্রয়ের অনুরোধ জনাব রিমন আমলে নেয় নাই।

**জনাব গোলাম রহমান সাহেব** ১৮ নভেম্বর ২০০৯ সালে ৭০০/- জমা দিয়ে বিও একাউন্ট খোলেন। ২০১০ সালের ৭ই ফেব্রুয়ারী ৯ লক্ষ ৩০ হাজার টাকা জমা দেন। আমাদের ট্রেডার রেজাউল করিম রিমন এর টার্মিনালে প্রায় সময় নিজে উপস্থিত থেকে ক্রয় বিক্রয় করতেন। তিনি ২০ হাজার জিএমজি প্লেসমেন্ট শেয়ার কেনার জন্য ১২ এপ্রিল ২০১০ তারিখে ১,২২০,০০০/- টাকা জমা দেন। গোলাম রহমান সাহেব ১৩ এপ্রিল ১২৪,২৯৫.২০ টাকা দিয়ে ৫০০ OCL শেয়ার ক্রয় করেন। তার বিও হিসাবে আরো টাকা ছিলো। সেকেন্ডারী মার্কেট থেকে শেয়ার কেনার উদ্দেশ্যে টাকা জমা দিয়ে থাকলে ১৩ এপ্রিল ২০১০ তারিখে আরো বেশি শেয়ার কিনলেন না কেন?, ১৫ এপ্রিল তারিখে ও কোন শেয়ার কিনলেন না কেন? এর কি ব্যাখ্যা দিবেন? সেকেন্ডারী মার্কেট থেকে শেয়ার কেনার জন্য টাকা দিয়েছিলেন এই দাবি মিথ্যা। ১৫ এপ্রিল তাহার একাউন্ট থেকে জিএমজি প্লেসমেন্ট শেয়ার এর জন্য ১,২২০,০০০/- টাকা আইল্যান্ড এর ডিলার একাউন্টে Book Transfer করা হয়। Transfer এর পর লেজার ব্যালান্স ছিল ৩০২,৫৯৯.১৭ টাকা। ২৫ এপ্রিল জনাব গোলাম রহমান সাহেব ৩০৯,৪৮৩/- টাকা মূল্যের First Finance ২০০ শেয়ার ক্রয় করেন। তারপর তাহার লেজার ব্যালেন্স দাড়ায় -৭০৩৩.৮৩ টাকা। ৫ মে জনাব গোলাম রহমান সাহেব ৮২,৮৬৭.২০ টাকা মূল্যের ২০০ টি বেক্সিমকো শেয়ার বিক্রয় করেন। বিক্রয়ের পর লেজার ব্যালান্স দাড়ায় ৭৫,১৫৯.৭৭ টাকা। ৬ মে ২০১০ তারিখে তিনি ২৫২,৮৪৪.৫৬ টাকা মূল্যের ৬০০ বেক্সিমকো লিমিটেড বিক্রয় করেন। একই দিন অর্থাৎ ৬ মে ২০১০ তারিখে তিনি ২২৫,৬১০.৮০ টাকা মূল্যের ৩০০ SACRS শেয়ার ক্রয় করেন। ক্রয় বিক্রয়ের পর লেজার ব্যালান্স দাড়ায় ৯৯,৩৯৩.৫৩ টাকা। মে মাসে ১১,১৬,১৭,১৯,২০,২৩ ও ৩১ প্রত্যেক দিনই ক্রয় বিক্রয় করেন।

জুনের ১,২,৩,৬,৭,৯,১০,১৫,২০,২৩,২৪,২৮ ও ৩০ তারিখে ক্রয় বিক্রয় করেন। **জুন মাসের ২৭ তারিখে গোলাম রহমান সাহেব ৪ লাখ টাকার চেক নেন।** ৪ লাখ টাকা পরিশোধের পরে তাহার ব্যালান্স ছিল ২৩,৯৯৬.৩২ টাকা।

২০১০ সালের জুলাই মাসে ১২ তারিখ, আগষ্ট মাসের ৪,৮,৯,১০,১৮,২২,২৩,২৯,৩০ তারিখে ক্রয় বিক্রয় করেন। সেপ্টেম্বরের ২১,২৬,২৭,২৯,৩০ তারিখ, অক্টোবরের ৫,১০,১৩,৩১ তারিখ, নভেম্বরের ৩,২২,২৫,২৯,৩০ তারিখ এবং ডিসেম্বরের ২,৮,৯,১৩,১৪,২১,৩০ তারিখ ক্রয় বিক্রয় করেন।

২০১১ সনের জানুয়ারী মাসের ৩,১২,১৮,১৯,২৫,২৭,৩০,৩১ তারিখ ক্রয় বিক্রয় করেন। মজার ব্যাপার হলো প্রতিদিন ক্রয় বিক্রয়ের পরে দিন শেষে কনফার্মেশন স্লিপ ক্লায়েন্টকে দেওয়া হয়। কনফার্মেশন স্লিপ এ ওপেনিং ব্যালান্স কত ছিল ক্লোজিং ব্যালান্স কত ছিল তাহা উল্লেখ থাকে। টাকা উত্তোলনের পর এতগুলো কনফার্মেশন স্লিপ পাওয়ার পরও তাহার একাউন্ট থেকে অবৈধ ভাবে তাহার সম্মতি ছাড়া টাকা উত্তোলনের অভিযোগ করলেন না কেন? এতে কি প্রমান হয়না গোলাম রহমান সাহেব মিথ্যে কথা বলছেন?

২৭ তারিখ টাকা উত্তোলন করার সময় সাধারনত হিসাবে কত টাকা আছে তাহা দেখে নেওয়া হয়। **২৭ জুন, ২০১০ তারিখ গোলাম রহমান সাহেব ৪ লাখ টাকা উত্তোলনের সময়ও কি তাহার একাউন্ট থেকে তাহার অনুমতি ছাড়া কথিত টাকা নিয়ে গেছি,** কি করে তার দৃষ্টি এড়াতে পারে? বাস্তবতা ছিল **GMG Placement Share** বিক্রয় করে বিপুলভাবে লাভবান হবেন তখন সেটাই তাহার মাথায় ছিল। সকলের মতো অপেক্ষায় ছিল কতো তারিখ থেকে ট্রেড শুরু হবে।

**দীর্ঘদিন চুপ থাকার কারণঃ**

২০১০ সালে বেক্সিমকোর ভাইস চেয়ারম্যান সালমান এফ রহমান সাহেব বেক্সিমকো লিমিটেড এর নামে জিএমজি এয়ারলাইনের শেয়ার কিনেন। জিএমজির অফিস বেক্সিমকোর ধানমন্ডি কর্পোরেট অফিস থেকে জিএমজির কার্যক্রম শুরু করেন। প্রথম ধাপে এসইসি থেকে মূলধন বারানোর অনুমতি নেন। ২য় ধাপে এসইসি থেকে বুক বিল্ডিং এর মাধ্যমে আইপিও'র আবেদন করেন এবং ১০ টাকার শেয়ার ৫০ টাকা ভেলুয়েশন পান এবং প্লেসমেন্ট শেয়ার বিক্রয় করা শুরু করেন। ৩য় ধাপে ১৫০ টাকা দরে বুক বিল্ডিং প্রাইস অনুমোদিত হয়। পরবর্তীতে বুক বিল্ডিং আইপিও আসা সাময়িক ভাবে বন্ধ করে দেওয়া হয়। ২০১০ সালে শেয়ার বাজারে ধ্বসের কারণ নির্নয়ের জন্য ইব্রাহিম খালেদের নেতৃত্বে গঠিত কমিশনের তদন্ত কমিটির রিপোর্টে প্লেসমেন্ট জালিয়াতি, মূল্য নির্ধারনের কারসাজি ইত্যাদি প্রকাশের পর বুক বিল্ডিং এর আইপিও বাতিল হয়ে যায়।

ডিসেম্বর ২০১০ সনের এজিএম এ জিএমজি এয়ারলাইন ১০% বোনাস ঘোষনা দেন ও অনুমোদিত হয়। এর ফলে গোলাম রহমান সাহেব ২০ হাজার শেয়ারের পরিবর্তে ২২ হাজার শেয়ারের মালিক হন। জিএমজি প্লেসমেন্ট শেয়ার কার্ব মার্কেটে প্রতিদিন ক্রয়-বিক্রয় হতো। ১০০ টাকা ও তার উপরেও ক্রয়-বিক্রয় হয়েছিল বলে শুনা যায়। ক্রেতাদের যুক্তি ছিল যেহেতু বুক বিল্ডিং প্রাইস ১৫০ টাকা এসইসি'র অনুমোদন পেয়েছে, ট্রেড শুরু হলেই তখনকার বাজার পরিস্থিতিতে ১৫০ টাকার উপরে বিক্রয় হবে। জুন জুলাইতে ডিএসই'র ইনডেক্স ছিল ৬০০০ এর উপরে। ২৫ নভেম্বর ২০১০ এ ইনডেক্স দাড়ায় ৮৭২১ এ। গোলাম রহমান সাহেব এসব কারণে লাভের অংক হিসাব করে চুপ ছিলেন।

মার্চ ২০১৩ সনে জিএমজি এয়ারলাইনের ফ্লাইট সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়। ডিসেম্বর ২০১৩ তে চালু হওয়ার কথা ছিল। এরপর পত্র পত্রিকায় কারসাজির নানা খবর প্রকাশিত হতে থাকে। এর মধ্যে আইপিও বাতিলের খবর আসে। এতে প্লেসমেন্টধারিরা আতঙ্কিত হয়ে পড়ে।

আমরা ১২/০১/২০১৬ তারিখে গোলাম রহমান সাহেবকে চিঠির মাধ্যমে নেম ট্রান্সফারের জন্য ১১৭ ফর্ম সই করার জন্য অনুরোধ করে পাঠাই। এটি পাওয়ার পর রহমান সাহেব প্রথম ১৭/০১/২০১৬ ইং তারিখে স্বাক্ষর বিহীন চিঠির মাধ্যমে ওনার হিসাব থেকে আইল্যান্ডের তৎকালীন সিনিয়র ম্যানেজার মোহাম্মদ আবু সাঈদ ও শাখা অফিস কর্মকর্তা রেজাউল আবেদীন রিমন এর যোগসাজসে তাহার হিসাব হইতে নগদ উত্তোলন করে আত্মসাৎ এর অভিযোগ তোলেন। এই অভিযোগ সম্পূর্ন মিথ্যা এবং ওনার এই স্বাক্ষর বিহীন চিঠিতে আর যে সব অভিযোগ করেছেন সবগুলোই মিথ্যা। প্রকৃত পক্ষে উনার আইডি থেকে কোন নগদ টাকা উত্তোলন করা হয়নি। উনার কোড ২৬০০৩ থেকে আইল্যান্ডের ডিলার কোড ২৯৩০০ কোডে ১২ লাখ ২০ হাজার টাকা বুক ট্রান্সফার করা হয়েছিল। ওনার এই চিঠির অভিযোগ ভিত্তিহিন উল্লেখ করে জনাব আবু সাঈদ সাহেব ওনাকে রেজিষ্টার ডাক যোগে আবারও ১১৭ ফর্ম পুরন করে সই করে দেওয়ার জন্য চিঠি দেন।

জনাব গোলাম রহমান সাহেব উনার ২৯/০২/২০১৬ ইং তারিখের দ্বিতীয় চিঠিতেও ডিজিটাল প্রতারনার অভিযোগ আনেন। এই চিঠিতেও কোন স্বাক্ষর ছিল না। ১০/০৪/২০১৬ ইং তারিখের তৃতীয় চিঠিতেও স্বাক্ষরের জায়গায় টিপসই দেওয়া। এই চিঠিতে সেকেন্ডারি শেয়ার কেনার জন্য টাকা জমা করেছেন বলে উল্লেখ করেছেন। এই অভিযোগ সম্পূর্ন মিথ্যা ও ভিত্তিহীন। কথিত টাকা উত্তোলনের পর তিনি ক্রয় বিক্রয় করেছেন। উত্তোলনের বিষয়টি তখনই জানার কথা ছিল। ওনার মতো ছোট বিনিয়োগকারি এতো বড় কথিত গড়মিল দৃষ্টিতে না পড়ার কথা হতে পারেনা।

আমাদের উপরোক্ত বক্তব্য, তথ্য প্রমান ও সংযুক্তির বিচার বিশ্লেষন করে আমরা স্বজ্ঞানে দৃঢ়তার সহিত দাবি করছি যে, গোলাম রহমান সাহেবের অভিযোগ অর্থাৎ সম্মতি ছাড়া জনাব রিমন ও আবু সাঈদ সাহেব টাকা আত্মসাৎ করেছেন এটি জঘন্যতম মিথ্যা ও অসত্য দাবি। আমরা তার বিরুদ্ধে আমাদেরকে দীর্ঘদিন ধরে হয়রানি ও অপদস্থ করার চেষ্টা করার জন্য তার যথোপযুক্ত শাস্তির দাবি করছি। মিথ্যাবাদির স্থান পুঁজিবাজারে হতে পারেনা।"

যেহেতু, বর্ণিত অভিযোগসমূহের প্রেক্ষিতে অভিযুক্তদের আত্মপক্ষ সমর্থনের ব্যাখ্যা এবং উপস্থাপিত সাক্ষ্য ও প্রাসঙ্গিক আইন পর্যালোচনায় অভিযুক্তদের ব্যাখ্যা গ্রহণযোগ্য হয়নি, বরং উপরোক্ত পর্যালোচনায় অভিযুক্তদের বিরুদ্ধে বর্ণিত সিকিউরিজি আইন ইচ্ছাকৃতভাবে লংঘণের অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে;

যেহেতু, Island Securities Limited (DSE TREC No. # 106 and CSE TREC No. # 005) এর উপর্যুক্ত কর্মকান্ডের ফলে পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীগণ ক্ষতিগ্রস্থ হয়েছেন যা পুঁজিবাজার উন্নয়নের পরিপন্থী;

যেহেতু, Island Securities Limited (DSE TREC No. # 106 and CSE TREC No. # 005)- এর উপরোক্ত কর্মকান্ডের ফলে Section 18 of Securities and Exchange Ordinance, 1969; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০; *সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১ ও ৬* এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সনদের শর্তাবলীর শর্ত ৫ লংঘন করেছে, যা সিকিউরিটিজ আইনের পরিপন্থী;

যেহেতু, Island Securities Limited (DSE TREC No. # 106 and CSE TREC No. # 005) এর উপরোক্ত কর্মকান্ড Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য Island Securities Limited (DSE TREC No. # 106 and CSE TREC No. # 005) কে অর্থদন্ডে দন্ডিত করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত আদেশ প্রদান করলো;

Bangladesh Securities and Exchange Commission
Enforcement Division
Enforcement Department
Issuer Companies Affairs Section
www.sec.gov.bd

- এ আদেশ জারীর ৩০(ত্রিশ) দিনের মধ্যে Island Securities Limited, Mr. Md. Golam Rahaman (BOID: 1201960016016679; Client Code: 26003) এর বিও হিসাব থেকে বিধিবহির্ভুতভাবে উত্তোলিত ১২.২০ (বারো দশমিক বিশ) লক্ষ টাকা Mr. Md. Golam Rahaman কে ফেরত (refund) প্রদান করবে;

- উল্লিখিত অর্থ ৩০(ত্রিশ) দিনের মধ্যে ফেরত প্রদান করতে ব্যর্থ হলে, সিকিউরিটিজ আইন লংঘনের দায়ে Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে আদেশ জারির তারিখ তথা অদ্য Island Securities Limited কে ২০.০০ (বিশ) লক্ষ টাকা অর্থদন্ড প্রদানের সিদ্ধান্ত হয়েছে মর্মে গণ্য হবে। উক্ত অর্থদন্ড উপরোক্ত ৩০(ত্রিশ) দিন অতিবাহিতের পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে, অন্যথায় সিকিউরিটিজ আইন মোতাবেক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

১২.০৫.২০২৫

মোঃ আলী আকবর
কমিশনার

**বিতরণ:**

**Island Securities Limited**
(DSE TREC # 106 and CSE TREC #005)
Faruk Chamber (4th Floor, West Side & 6th Floor) 1403
Sk. Mujib Road, Agrabad, Chattogram